**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

**বিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং- ৩৬৩ -এ, তারিখঃ১৩/০৬/২০২৪ খ্রিঃ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী **১৩/০৬/২০২৪ খ্রিঃ** হতে **২৭/০৬/২০২৪ খ্রিঃ** তারিখ রোজ বৃহস্পতিবার হতে বৃহস্পতিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় **২০২৪ ইং সনের ১৯০নং গঠনবিধি** অনুসারে নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চসমূহ গঠন করেছেন ঃ

উক্ত অবকাশকালীন সময়ে মাননীয় বিচারপতি ফারাহ মাহবুব এবং মাননীয় বিচারপতি মোঃ আতাবুল্লাহ মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ১৩ নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ২৫/০৬/২০২৪, ২৬/০৬/২০২৪ এবং ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য ভ্যাট, সম্পূরক শুল্ক, কাস্টমস, ইনকামট্যাক্স, আর্থিক প্রতিষ্ঠান ও অর্থঋণ আইন সংক্রান্ত বিষয়াদিসহ **অতীব জরুরী সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী;** ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের প্যাটেন্ট ও ডিজাইন আইনের ৫১ (ক) এবং ২৬ (খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/ আপীলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২ (১) (গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইবুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ ডি অনুযায়ী আপীল শুনানী; **হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালত সমূহের অবমাননার অভিযোগপত্রসমূহ গ্রহণ করিবেন;** যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ রুহুল কুদ্দুস এবং মাননীয় বিচারপতি মোঃ আলী রেজা মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ৩১নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ২৫/০৬/২০২৪, ২৬/০৬/২০২৪ এবং ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য **দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ** ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য **অতীব জরুরী ফৌজদারী মোশন;** ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি কে,এম, কামরুল কাদের মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের মূল ভবনের ১১নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ২৪/০৬/২০২৪ এবং ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ১ঃ০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে **অতীব জরুরী দেওয়ানী মোশন;** দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); একক বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল; ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনপত্র; এবং শুনানীর জন্য **অতীব জরুরী** আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্রে; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয় সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; বীমা আইন, ২০১০ ইং অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র; যেসব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ মজিবুর রহমান মিয়া এবং মাননীয় বিচারপতি মোঃ বজলুর রহমান একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ৩৫নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ২৪/০৬/২০২৪, ২৫/০৬/২০২৪ এবং ২৬/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা হইতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য **অতীব জরুরী দেওয়ানী মোশন;** শুনানীর জন্য প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৬,০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলস-এর ৯ অধ্যায়ের ৩৪ রুল অনুযায়ী শুনানীর জন্য এবং ৬,০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভুত সকল লয়াজিমা বিষয়; ২০০১ইং সনের ১নং আইনের (শালিশী আইন-২০০১) ৪৮(ক), (খ) এবং (গ) ধারা মোতাবেক আপীল; দেউলিয়া বিষয়ক আপীল; ইউনিয়ন পরিষদ ও পৌরসভা (বিশেষ দায়িত্ব) অধ্যাদেশ, ১৯৯১ ইং (অধ্যাদেশ নং-৬, ১৯৯১) এর অধীন আপীল;বাংলাদেশ লিগ্যাল প্র্যাকটিশনারস এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২ (রাষ্ট্রপতির ১৯৭২ সালের ৪৬ নং আদেশ) এর অধীনে অনুচ্ছেদ ৩৬ মোতাবেক আপীল; দ্বৈত বেঞ্চে গ্রহণযোগ্য দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী আপীলসমূহ; দ্বৈত বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার দেওয়ানী মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

এবং

মাননীয় বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান এবং মাননীয় বিচারপতি মোঃ বশির উল্লাহ মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের বিজয়-৭১ ভবনের ২১নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ২৪/০৬/২০২৪,২৫/০৬/২০২৪ এবং ২৬/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১ঃ০০ ঘটিকা হইতে দুপুর ১ঃ১৫ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য **দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ** ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য **অতীব জরুরী ফৌজদারী মোশন;** ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ ইকবাল কবির এবং মাননীয় বিচারপতি এ,কে,এম, রবিউল হাসান মহোদয়গণ একত্রে ডিভিশন বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ১০নং বিচারকক্ষে বসিবেন এবং ২০/০৬/২০২৪, ২৩/০৬/২০২৪, ২৪/০৬/২০২৪ এবং ২৫/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকা হইতে দুপুর ১:১৫ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য ভ্যাট, সম্পূরক শুল্ক, কাস্টমস, ইনকামট্যাক্স, আর্থিক প্রতিষ্ঠান ও অর্থঋণ আইন সংক্রান্ত বিষয়াদিসহ **অতীব জরুরী সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী;** ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২-এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী; **হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালতসমূহের অবমাননার অভিযোগপত্রসমূহ গ্রহণ করিবেন;** যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ সোহরাওয়ারদী মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ৭নং বিচারকক্ষে বসিবেন এবং ২৪/০৬/২০২৪, এবং ২৬/০৬/২০২৪খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ ঘটিকা হইতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য **দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ** একক বেঞ্চে গ্রহণযোগ্য **অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন;** ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি মোঃ জাকির হোসেন মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের বিজয়-৭১ ভবনের ২৯নং বিচারকক্ষে বসিবেন এবং ১৩/০৬/২০২৪, ১৯/০৬/২০২৪, ২৩/০৬/২০২৪ এবং ২৪/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:৩০ ঘটিকা হইতে দুপুর ১:৩০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য **অতীব জরুরী** আদিম অধিক্ষেত্রাধীন বিষয়; সাকসেশন আইন, ১৯২৫ অনুযায়ী ইচ্ছাপত্র ও ইচ্ছাপত্র ব্যতিরেকে মৃত ব্যক্তির বিষয়বস্তুর অধিক্ষেত্র; বিবাহ বিচ্ছেদ আইন, ১৮৬৯ অনুযায়ী মোকদ্দমা; প্রাইজ কোর্ট বিষয়সহ এ্যাডমিরেলটি কোর্ট আইন, ২০০০ অধিক্ষেত্রাধীন মোকদ্দমা; মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩ এর অধীনে আবেদনপত্র; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীন আবেদনপত্র; ১৯১৩ ও ১৯৯৪ইং সনের কোম্পানী আইন অনুযায়ী আবেদনপত্র; ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ইং (১৯৯১ইং সনের ১৪নং আইন) অনুযায়ী আবেদনপত্র; সালিশ আইন, ২০০১ (২০০১ইং সনের ১নং আইন) অনুযায়ী আপীল ও আবেদনপত্র; বীমা আইন, ২০১০ ইং অনুযায়ী আপীল ও তৎসংক্রান্ত আবেদনপত্র; যেসব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

এবং

মাননীয় বিচারপতি বিশ্বজিৎ দেবনাথ মহোদয় একক বেঞ্চে অত্র কোর্টের এনেক্স ভবনের ৩নং বিচারকক্ষে বসিবেন এবং ২৪/০৬/২০২৪, ২৫/০৬/২০২৪, ২৬/০৬/২০২৪ এবং ২৭/০৬/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকা হইতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে **অতীব জরুরী দেওয়ানী মোশন;** দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০,০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); একক বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল; ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনপত্র; **এবং শুনানীর জন্য একক বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন;** ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী রিভিশন ও রেফারেন্স মোকদ্দমা; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি, ২০২১ খ্রি. তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার দেওয়ানী মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিস্পত্তি হইবে।

আদেশক্রমে

স্বাঃ/-

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার(প্রশাসন ও বিচার)
ফোনঃ ০২২২৩৩৮১৮৬৫
mizanur.87rah@yahoo.com

স্মারক নং- ৫৪৭৪ -এ,
তারিখ-১৩/০৬/২০২৪ খ্রিঃ।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অ্যাটর্নি জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। রেজিস্ট্রার ..........................................(সকল) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৫। অতিরিক্ত রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬। অতিরিক্ত রেজিস্ট্রার ..............................(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৭। স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ডেপুটি রেজিস্ট্রার-সার্বিক ও আদি অধিক্ষেত্র/প্রটোকল /অর্থ/প্রশাসন ও বিচার/রিসার্চ/দেওয়ানী-২/অনুলিপি ও মহাফেজ/ ফৌজদারী-১/ফৌজদারী-২/দেওয়ানী-১, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০। সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

G/Shafique Vacation Biggapti A.B.New

১২। সহকারী রেজিস্ট্রার-বিচার/বাজেট/পরিবহন/অর্থ/প্রশাসন/সাধারণ ও সংস্থাপন/কোর্ট কীপিং/আদি অধিক্ষেত্র/বেঞ্চ ও ডিক্রী/রিসার্চ/ ফৌজদারী-১ /অনুলিপি ও মহাফেজ/দেওয়ানী-১/দেওয়ানী-২/ফৌজদারী-২/ফৌজদারী-৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৫। উপ-পরিচালক, গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।
১৬। পরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
১৭। পরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
১৮। হিসাব রক্ষণ কর্মকর্তা- ১,২ ও ৩, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৯। কোর্ট অফিসার, কোর্ট কীপার শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২০। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২১। সুপারিনটেনডেন্ট, বেঞ্চ শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২২। চীফ রিপোর্টার (বার্তা) এ,টি,এন,বাংলা ওয়াসা ভবন, ৯৮ কাজী নজরুল ইসলাম এভিনিউ কাওরান বাজার,ঢাকা।
২৩। চীফ রিপোর্টার (বার্তা) চ্যানেল আই, ৬২/এ, সিদ্ধেশ্বরী রোড, ঢাকা- ১২১৭।
২৪। চীফ রিপোর্টার (বার্তা) এন, টি, ভি, ১০২,কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২৫। বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
২৬। বার্তা সম্পাদক,ইউ,এন,বি, ৬৯/১ নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।
২৭। বার্তা সম্পাদক, দৈনিক জনকণ্ঠ, ঢাকা।
২৮। বার্তা সম্পাদক, দৈনিক সংবাদ, ঢাকা।
২৯। বার্তা সম্পাদক, দৈনিক ইনকিলাব, ঢাকা।
৩০। বার্তা সম্পাদক, দৈনিক অবজারভার, ঢাকা।
৩১। বার্তা সম্পাদক দৈনিক যুগান্তর, ঢাকা।
৩২। বার্তা সম্পাদক, দৈনিক প্রথম আলো, ঢাকা।
৩৩। বার্তা সম্পাদক, দৈনিক কালের কন্ঠ, ঢাকা।
৩৪। নোটিশ বোর্ড।

সংবাদ হিসাবে প্রচারের জন্য

10.06.24

(মোঃ ওমর হায়দার)
সহকারী রেজিস্ট্রার(প্রশাসন)
ফোনঃ ০২২২৩৩৫১৭১৬।
ইমেইল:hayder.aradmin@supremecourt.gov.bd